রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, মে ১৮, ২০০৫**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৪ঠা জ্যৈষ্ঠ, ১৪১২/১৮ই মে, ২০০৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৪ঠা জ্যৈষ্ঠ, ১৪১২ মোতাবেক ১৮ই মে, ২০০৫ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

## ২০০৫ সনের ১৪নং আইন

## কপিরাইট আইন, ২০০০ এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে কপিরাইট আইন, ২০০০ (২০০০ সনের ২৮নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই আইন কপিরাইট (সংশোধন) আইন, ২০০৫ নামে অভিহিত হইবে।

২। **২০০০ সনের ২৮নং আইনের ধারা ২ এর সংশোধন**।—কপিরাইট আইন, ২০০০ (২০০০ সনের ২৮নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর—

(ক) দফা (১) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(১) "অনুলিপি" অর্থ বর্ণ, চিত্র, শব্দ বা অন্য কোন মাধ্যম ব্যবহার করিয়া লিখিত, শব্দ রেকর্ডিং, চলচ্চিত্র, গ্রাফিক্স চিত্র বা অন্য কোন বস্তুগত প্রকৃতি বা ডিজিটাল সংকেত আকারে পুনরুৎপাদন (স্থির বা চলমান), দ্বিমাত্রিক, ত্রিমাত্রিক বা পরাবাস্তব নির্বিশেষে" ;

(খ) দফা (২) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(২) "অনুলিপিকারী যন্ত্র" অর্থ কোন যন্ত্র বা যান্ত্রিক কৌশল বা পদ্ধতি যাহা কোন কর্মের যে কোন ধরনের অনুলিপি তৈরী বা পুনরুৎপাদনের জন্য ব্যবহৃত হয় বা হইতে পারে ;";


**মূল্য ঃ টাকা ৩.০০**

(গ) দফা (৮) এর—

(অ) উপ-দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(খ) চলচ্চিত্র বা ফটোগ্রাফের ক্ষেত্রে, উক্ত কর্মটির সম্পূর্ণ বা অংশবিশেষ ইলেক্ট্রো-ম্যাগনেটিক যন্ত্র বা অন্য যে কোন যন্ত্র বা পন্থায় প্রণীত বা প্রদর্শিত হোক না কেন;" ;

(আ) উপ-দফা (ঘ) এর পর নিম্নরূপ নূতন উপ-দফা (ঙ) সংযোজিত হইবে, যথা ঃ—

"(ঙ) কম্পিউটার প্রোগ্রামের ক্ষেত্রে, কোন কম্পিউটার প্রোগ্রামের সম্পূর্ণ বা অংশবিশেষের পুনরুৎপাদন বা ব্যবহার ;";

(ঘ) দফা (৯) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৯) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৯) "কম্পিউটার" অর্থে মেকানিক্যাল, ইলেক্ট্রোম্যাকানিক্যাল, ইলেক্ট্রনিক, ম্যাগনেটিক, ইলেক্ট্রোম্যাগনেটিক ডিজিটাল বা অপটিক্যাল বা অন্য কোন পদ্ধতির ইমপালস ব্যবহার করিয়া লজিক্যাল বা গাণিতিক যে কোন একটি বা সকল কাজকর্ম সম্পাদন করে এমন যে কোন তথ্য প্রক্রিয়াকরণ যন্ত্র বা সিস্টেম অর্ন্তভুক্ত হইবে ;

(ঙ) দফা (১৩) বিলুপ্ত হইবে ;

(চ) বিলুপ্ত দফা (১৩) এর পর নিম্নরূপ নূতন দফা (১৩ক) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(১৩ক) "গ্রন্থাগার" অর্থ বিনামূল্যে ব্যবহারযোগ্য এবং শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট গ্রন্থাগার যাহা অলাভজনক ভিত্তিতে পরিচালিত হয় ;";

(ছ) দফা (১৫) এর ব্যাখ্যার পরিবর্তে নিম্নরূপ ব্যাখ্যা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"ব্যাখ্যা ।—এই দফার উদ্দেশ্য পূরণকল্পে, কৃত্রিম উপগ্রহ (satellite), তার (cable) অথবা অন্য কোন যুগপৎ মাধ্যমে একই সাথে একের অধিক গৃহ বা বাসস্থান, শিক্ষা প্রতিষ্ঠান, অফিস, ক্লাব, কমিউনিটি সেন্টার, আবাসিক হোটেল অথবা হোটেলের একাধিক কক্ষের সহিত একই সঙ্গে যোগাযোগকে "জনসাধারণের সহিত যোগাযোগ" বুঝাইবে ;";

(জ) দফা (১৫) এর পর নিম্নরূপ নূতন দফা (১৫ক) ও (১৫খ) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(১৫ক) "জাতীয় গ্রন্থাগার" অর্থ সরকার কর্তৃক স্থাপিত বা স্বীকৃত বাংলাদেশের জাতীয় গ্রন্থাগার ;

(১৫খ) "দন্ডবিধি" অর্থ the Penal Code, 1860 (XLV of 1860) ;";

(ঝ) দফা (১৬) এর পর নিম্নরূপ নূতন দফা (১৬ক) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(১৬ক) "দেওয়ানী কার্যবিধি" অর্থ the Code of Civil Procedure, 1908 (V of 1908);";

(ঞ) দফা (১৮) এর "গ্রোথিত" শব্দের পরিবর্তে "গ্রথিত" শব্দ প্রতিস্থাপিত হইবে ;

(ট) দফা (২০) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২০) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(২০) "পান্ডুলিপি" অর্থ হস্তলিখিত, যান্ত্রিক বা ডিজিটাল বা অন্য কোন পদ্ধতিতে প্রস্তুতকৃত কর্মের আদি দলিল এবং কর্মের পরিকল্পনা, নকশা, ডিজাইন, লেআউট, টোকা, সংকেতও উহার অন্তর্ভুক্ত হইবে ;";

(ঠ) দফা (২৪) এর—

(অ) উপ-দফা (ক) এর "গ্রন্থাকার" শব্দের পরিবর্তে "গ্রন্থকার" শব্দ প্রতিস্থাপিত হইবে ;

(আ) উপ-দফা (চ) এর "ব্যক্তি" শব্দের পর "বা প্রতিষ্ঠান" শব্দগুলি সংযোজিত হইবে ;

(ড) দফা (২৬) এর পর নিম্নরূপ নূতন দফা (২৬ক) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(২৬ক) "ফৌজদারী কার্যবিধি" অর্থ the Code of Criminal Procedure, 1898 (V of 1898);";

(ঢ) দফা (৩০) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৩০) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৩০) "যৌথ গ্রন্থকার কর্ম" অর্থ দুই বা ততোধিক গ্রন্থকারের সহযোগিতায় প্রণীত কর্ম, যাহাতে একজন গ্রন্থকারের অবদান অপর গ্রন্থকারের অবদান হইতে স্বতন্ত্র নহে ;";

(ণ) দফা (৩৩) বিলুপ্ত হইবে ;

(ত) দফা (৪৩) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৪৩) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৪৩) "সম্প্রচার" অর্থ এক বা একাধিক রকমের সংকেত, চিহ্ন, শব্দ, ইন্টারনেট সংযুক্ত কম্পিউটার, টেলিভিশন ও বেতার যন্ত্রসহ উপগ্রহ, তার বা বেতার যন্ত্র অথবা অন্য কোন পদ্ধতির যে কোন মাধ্যমে জনসাধারণের সহিত যোগাযোগ এবং পুনঃসম্প্রচারও উহার অন্তর্ভুক্ত হইবে ;";

(থ) দফা (৪৬) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৪৬) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৪৬) "সাহিত্যকর্ম" অর্থে জনসাধারণের পঠন-পাঠন ও শ্রবণের উদ্দেশ্যে মানবিক, ধর্মীয়, সামাজিক, বৈজ্ঞানিক ও অন্য কোন বিষয়ে রচিত, গ্রন্থিত, অনূদিত, রূপান্তরিত, অভিযোজিত, সৃষ্টিশীল, গবেষণামূলক, তথ্যমূলক যে কোন কর্ম এবং কম্পিউটার সৃষ্ট সৃজনশীল কর্মসহ কম্পিউটার প্রোগ্রামও উহার অন্তর্ভুক্ত হইবে;";

(দ) দফা (৪৭) এর শেষ প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (৪৮) সংযোজিত হইবে, যথা ঃ—

"(৪৮) "ফিল্ম আর্কাইভ" অর্থ সরকার কর্তৃক প্রতিষ্ঠিত বাংলাদেশ ফিল্ম আর্কাইভ।"।

৩। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৩ এর সংশোধন** ।—উক্ত আইনের ধারা ৩ এর (গ) এর শর্তাংশে উল্লিখিত "তারের মাধ্যমে" শব্দগুলির পরিবর্তে "তার, বেতার বা অন্য যে কোন মাধ্যমে" শব্দগুলি ও কমা সন্নিবেশিত হইবে।

৪। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৫ এর সংশোধন** ।—উক্ত আইনের ধারা ৫ এর "ত্রিশ দিন অথবা" শব্দগুলি ও কমার পরিবর্তে "ত্রিশ দিন অথবা সংশ্লিষ্ট পক্ষগণের মধ্যে সম্পাদিত প্রকাশনা সংক্রান্ত চুক্তিতে নির্ধারিত সময়সীমা, যাহা পূর্বে সংঘটিত হয়, অথবা" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৭ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৭ এর "বা স্থায়ী বাসিন্দা ছিলেন" শব্দগুলির পরিবর্তে "বা স্থায়ী বাসিন্দা, বা যে দেশের তিনি বর্তমান নাগরিক, বা মৃত্যুর পূর্বে যে দেশের নাগরিক, ছিলেন" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ১০ এর সংশোধন** ।—উক্ত আইনের ধারা ১০ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর "কপিরাইট রেজিস্ট্রারের" শব্দগুলির পরিবর্তে "কপিরাইট রেজিস্টারের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৭। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ১২ এর সংশোধন** ।—উক্ত আইনের ধারা ১২ এর উপ-ধারা (৫) এর পরিবর্তে নিম্নবর্ণিত উপ-ধারা (৫) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৫) ফৌজদারী কার্যবিধির ধারা ৪৮০ ও ৪৮২ এর উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড একটি দেওয়ানী আদালতরূপে গণ্য হইবে এবং ব্যবস্থা গ্রহণের জন্য বোর্ডের নিকট উপস্থাপিত সকল বিষয় দন্ডবিধির ধারা ১৯৩ ও ২২৮ এর অর্থে বিচার বিভাগীয় কার্যক্রম হিসাবে গণ্য হইবে।"।

৮। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ১৪ এর সংশোধন** ।—উক্ত আইনের ধারা ১৪ এর উপ-ধারা (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৪) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৪) চলচ্চিত্র ফিল্ম এর ক্ষেত্রে,—

(ক) কর্মটির অংশবিশেষের প্রতিবিম্বের ফটোগ্রাফসহ ভিসিপি, ভিসিআর, ভিসিডি, ডিভিডি বা অন্য কোনভাবে উহার অনুলিপি তৈরী করা;

(খ) ইতোপূর্বে একইরূপ অনুলিপি বিক্রয় বা ভাড়া প্রদান করা হউক বা না হউক, ভিসিপি, ভিসিআর, ভিসিডি, ডিভিডি এর মাধ্যমে বা অন্য কোনভাবে ফিল্ম এর অনুলিপি বিক্রয় বা ভাড়া প্রদান করা অথবা বিক্রয় বা ভাড়া প্রদান করার প্রস্তাব করা;

(গ) ফিল্মটির ভিসিপি, ভিসিআর, ভিসিডি, ডিভিডি বা অন্য কোনভাবে উহার শ্রবণযোগ্য বা দৃষ্টিগ্রাহ্য অনুলিপি জনগণের মধ্যে প্রচার ও প্রদর্শন করা।"।

৯। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ১৭ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১৭ এর শর্তাংশের প্যারা (ছ) এর শেষ প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নতুন প্যারা (জ) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(জ) কম্পিউটার প্রোগ্রামের ক্ষেত্রে, উক্ত প্রোগ্রাম সম্পন্ন করার জন্য নিয়োগকারী ব্যক্তি, ব্যক্তিবর্গ বা প্রতিষ্ঠান প্রথম কপিরাইটের অধিকারী হইবেন যদি না পক্ষবৃন্দের মধ্যে ভিন্নরূপ কোন চুক্তি থাকে।"।

১০। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ১৯ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১৯ এর—

(ক) উপ-ধারা (৪) এর "স্বত্ব নিয়োগীকারী" শব্দগুলির পরিবর্তে "নিয়োগপ্রাপ্ত স্বত্বাধিকারী" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (৫) এর "উল্লেখ না থাকে" শব্দগুলির পর "বা স্বত্ব নিয়োগ দলিলে ভিন্নরূপ কিছু না থাকে" শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১১। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ২০ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ২০ এর—

(ক) উপান্তটীকার "স্বত্ব নিয়োগী" শব্দগুলির পরিবর্তে "স্বত্ব নিয়োগ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (১) এর "স্বত্ব নিয়োগী তাহার নিকট হস্তান্তরকৃত কোন অধিকার ব্যবহার করিতে ব্যর্থ হন এবং উক্ত ব্যর্থতার জন্য স্বত্ব নিয়োগীকারীর" শব্দগুলির পরিবর্তে "নিয়োগপ্রাপ্ত স্বত্বাধিকারী তাহার নিকট হস্তান্তরকৃত কোন অধিকার ব্যবহার করিতে ব্যর্থ হন এবং উক্ত ব্যর্থতার জন্য স্বত্ব প্রদানকারীর" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-ধারা (২) এর প্রথম শর্তাংশে "স্বত্ব নিয়োগী বাতিল করার কোন আদেশ প্রদান করিবে না যদি বোর্ড" শব্দগুলির পরিবর্তে "নিয়োগপ্রাপ্ত স্বত্বাধিকার বাতিল করার কোন আদেশ প্রদান করিবে না যদি না বোর্ড" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১২। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ২১ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ২১ এর—

(ক) উপান্তটীকাসহ দুইবার উল্লিখিত, "পান্ডুলিপির" শব্দের পরিবর্তে "পাণ্ডুলিপির" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) ব্যাখ্যার "পান্ডুলিপি" শব্দের পরিবর্তে "পাণ্ডুলিপি" শব্দ প্রতিস্থাপিত হইবে।

১৩। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ২৩ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ২৩ এর উপ-ধারা (১) এর "পান্ডুলিপি" শব্দের পরিবর্তে "পাণ্ডুলিপি" শব্দ এবং "পান্ডুলিপির" শব্দের পরিবর্তে "পাণ্ডুলিপির" শব্দ প্রতিস্থাপিত হইবে।

১৪। **২০০০ সনের ২৮ নং আইনে নূতন ধারা ২৮ক এর সংযোজন।**—উক্ত আইনের ধারা ২৮ এর পর নিম্নরূপ নূতন ধারা ২৮ক সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"২৮ক। **কম্পিউটার সৃষ্ট কর্মের কপিরাইটের মেয়াদ।**—কম্পিউটার সৃষ্ট কর্মের ক্ষেত্রে, যে বৎসর কর্মটি প্রথম প্রকাশিত হইয়াছে উহার পরবর্তী পঞ্জিকা-বর্ষের শুরু হইতে ষাট বৎসর পর্যন্ত কপিরাইট বিদ্যমান থাকিবে।"।

১৫। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৩৬ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৩৬ এর দফা (গ) এর "৭৩" সংখ্যার পরিবর্তে "৭২" সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

১৬। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৩৮ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৩৮ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ৩৮ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৩৮। **মুদ্রণশৈলী সংরক্ষণ এবং সংরক্ষণের মেয়াদ।**—(১) কোন কর্মের কোন সংস্করণের প্রকাশক বাণিজ্যিক ভিত্তিতে বিক্রয়ের উদ্দেশ্যে, ফটোগ্রাফিক বা অনুরূপ কোন প্রক্রিয়ায় ঐ সংস্করণের মুদ্রণশৈলীগত বিন্যাসের কপি তৈরী করিবার ক্ষমতা প্রদানের অধিকার ভোগ করিবেন এবং এইরূপ অধিকার যে বৎসর সংস্করণটি প্রথম প্রকাশিত হইয়াছে উহার পরবর্তী পঞ্জিকা-বর্ষের শুরু হইতে পঁচিশ বৎসর পর্যন্ত বিদ্যমান থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সাহিত্য কর্মের ক্ষেত্রে, প্রথম স্বত্বাধিকারীর সহিত নিয়োগপ্রাপ্ত স্বত্বাধিকারীর চুক্তি মোতাবেক সম্পাদিত প্রথম স্বত্বাধিকার যে কোন সময় নিয়োগপ্রাপ্ত স্বত্বাধিকারীর নিকট হইতে স্বত্ব প্রত্যাহার করিলেও প্রকাশক মুদ্রণশৈলীগত বিন্যাস এবং প্রচ্ছদসহ অন্যান্য চিত্রাঙ্কন, যদি না প্রথম স্বত্বাধিকারী উহার মালিক হন, স্বত্বপ্রাপ্ত হইবেন না।

(২) চলচ্চিত্রের স্বত্বাধিকারীগণ কর্তৃক বাধ্যতামূলকভাবে তাহাদের নির্মিত পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য অথবা যে কোন দৈর্ঘ্যের চলচ্চিত্রের কমপক্ষে একটি কপি বাংলাদেশ ফিল্ম আর্কাইভে দীর্ঘমেয়াদী সংরক্ষণের, ভবিষ্যতে গবেষণার বা অন্য কোন প্রয়োজনে জমা দেওয়ার ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত প্রযোজ্য হইবে, যথা ঃ—

(ক) সরবরাহকৃত ফিল্মের কপিটি মূল চলচ্চিত্র কর্মের হুবহু অনুরূপ, নিখুঁত এবং সর্বোত্তম মানের হইতে হইবে;

(খ) চলচ্চিত্র কর্মের যে কোন নূতন সংস্করণের ক্ষেত্রে, উপ-ধারা (১) এর বিধান প্রযোজ্য হইবে এবং ইহা প্রকাশিত হইবার ষাট দিনের মধ্যে নিজ খরচে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে জমা দিতে হইবে;

(গ) সরবরাহকৃত চলচ্চিত্রের কপিটির জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃপক্ষ চলচ্চিত্রের নাম, স্থিতিকাল, প্রকাশের তারিখ, স্বত্বাধিকারীর নাম ও অন্যান্য তথ্যসম্বলিত লিখিত প্রাপ্তি রশিদ প্রদান করিবে।"।

১৭। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৩৮ এর পর নিম্নরূপ নূতন ধারা ৩৮ক এবং ৩৮খ এর সন্নিবেশ।**—উক্ত আইনের ধারা ৩৮ এর পর নিম্নরূপ নূতন ধারা ৩৮ক এবং ৩৮খ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"৩৮ক। **শাস্তি।**—ধারা ৩৮ এর উপ-ধারা (২) এর দফা (খ) এ নির্ধারিত সময়ের মধ্যে কোন ব্যক্তি যদি চলচ্চিত্রের কপি বাংলাদেশ ফিল্ম আর্কাইভে জমাদানে ব্যর্থ হন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ছয় মাসের কারাদন্ড অথবা অনূর্ধ্ব পঞ্চাশ হাজার টাকা জরিমানা অথবা উভয়দন্ডে দন্ডণীয় হইবেন।

৩৮খ। **এই অধ্যায়ে বর্ণিত অপরাধ বিচারার্থ গ্রহণ।**—ফৌজদারী কার্যবিধিতে যাহা কিছুই থাকুক না কেন, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা সরকার হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অভিযোগ ব্যতীত কোন আদালত এই অধ্যায়ের অধীন শাস্তিযোগ্য কোন অপরাধ বিচারার্থ গ্রহণ করিবে না।"।

১৮। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৪৪ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৪৪ এর "বন্টন" এবং "বন্টনের" শব্দ যেখানেই উল্লিখিত হউক না কেন, এর পরিবর্তে "বণ্টন" এবং "বন্টনের" শব্দ প্রতিস্থাপিত হইবে।

১৯। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৪৬ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৪৬ এর উপ-ধারা (৩) এর "কপিরাইট অফিসের" শব্দগুলির পরিবর্তে "কপিরাইট সমিতির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২০। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৫১ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৫১ এর "অনুবাদ" শব্দ, যেখানেই উল্লিখিত হউক না কেন, এর পরিবর্তে "অনুবাদ বা অভিযোজন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২১। **২০০০ সনের ২৯ নং আইনের ধারা ৫২ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৫২ এর—

(ক) "অনুবাদ," "অনুবাদের" ও "অনুবাদটি" "শব্দ, উপান্তটীকাসহ, যেখানেই উল্লিখিত হউক না কেন, এর পরিবর্তে, সকল স্থানে, যথাক্রমে, "অনুবাদ বা অভিযোজন", "অনুবাদ বা অভিযোজনের" ও "অনুবাদ বা অভিযোজনটি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (৬) এর দফা (খ) এর—

(অ) প্রথম শর্তাংশের "দফা (ক) এর" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীগুলির পরিবর্তে "এই দফার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) তৃতীয় শর্তাংশের—

(১) অনুচ্ছেদ (অ) এর শেষে "বা তিনি প্রস্তাবিত অনুবাদ বা অভিযোজন প্রকাশের জন্য প্রস্তাবিত প্রকাশনার বাংলাদেশে বিক্রয়মূল্যের প্রচলিত হারের অধিক রয়্যালটি বা অযৌক্তিক কোন শর্ত আরোপ করিয়াছেন" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(২) অনুচ্ছেদ (ঈ)(২) এর "৫৪" সংখ্যার পরিবর্তে "৫৩" সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

২২। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৫৩ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৫৩ এর—

(ক) উপ-ধারা (৫) এর—

(অ) দফা (ক) এর "ঐরূপ অনুবাদ" শব্দগুলির পর "বা পুনরুৎপাদন" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(আ) দফা (গ) এর "সঠিক অনুবাদ" শব্দগুলির পর "বা পুনরুৎপাদন" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) উপ-ধারা (৬) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৬) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(৬) এই ধারার অধীন কোন কর্মের অনুবাদ বা পুনরুৎপাদন প্রকাশ করার লাইসেন্স মঞ্জুর করা হইবে না যদি না উক্ত অনুবাদ বা পুনরুৎপাদন উহার মালিক অথবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক প্রকাশিত না হয় এবং অনুবাদ বা পুনরুৎপাদনটি বাংলাদেশে সাধারণভাবে ব্যবহৃত ভাষায় না হইয়া থাকে।";

(গ) উপ-ধারা (৭) এর "বিলুপ্ত হবে" শব্দগুলি বিলুপ্ত হইবে।

২৩। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৫৪ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৫৪ এর—

(ক) উপ-ধারা (১) এর "অনুবাদ" শব্দ, যেখানেই উল্লিখিত হউক না কেন, এর পরিবর্তে "অনুবাদ বা অভিযোজন" শব্দগুলি এবং "অনুবাদের" শব্দের পরিবর্তে "অনুবাদের বা অভিযোজনের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (২) এর "বা অনুবাদ একই ভাষা" শব্দগুলি বিলুপ্ত হইবে।

২৪। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৫৫ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৫৫ এর উপ-ধারা (১) এর "গ্রন্থাকার" শব্দের পরিবর্তে "গ্রন্থকার, প্রণেতা" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

২৫। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৫৬ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৫৬ এর উপ-ধারা (১) এর প্রান্তস্থিত কোলনের পরিবর্তে দাঁড়ি প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর উক্ত উপ-ধারার শর্তাংশ বিলুপ্ত হইবে।

২৬। **২০০০ সনের ২৮ নং আইনের অধ্যায় ১১ এর শিরোনাম সংশোধন।**—উক্ত আইনের অধ্যায় ১১ এর শিরোনামের "গণগ্রন্থাগারে" শব্দগুলির পরিবর্তে "জাতীয় গ্রন্থাগারে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২৭। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৬২ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৬২ এর—

(ক) উপান্তটীকার "গণগ্রন্থাগারে" শব্দগুলির পরিবর্তে "জাতীয় গ্রন্থাগারে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (১) এর "সরকার কর্তৃক অনুমোদিত ছয়টি গণগ্রন্থাগারের প্রত্যেকটিতে বিতরণ করিবেন" শব্দগুলির পরিবর্তে "জাতীয় গ্রন্থাগারে জমা দিবেন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-ধারা (২) এর "বাংলাদেশের" শব্দ বিলুপ্ত হইবে।

(ঘ) উপ-ধারা (৩) বিলুপ্ত হইবে।

২৮। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৬৩ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৬৩—

(ক) এর উপান্তটীকার "গণগন্থাগারে" শব্দের পরিবর্তে "জাতীয় গ্রন্থাগারে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(খ) এর "ধারা ৬২(১) এ উল্লিখিত ছয়টি গণগ্রন্থাগারের প্রত্যেকটিতে সরবরাহ করিবেন" শব্দগুলির পরিবর্তে "জাতীয় গ্রন্থাগারে সরবরাহ করিবেন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২৯। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৬৪ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৬৪ এর "গণগ্রন্থাগারের" শব্দের পরিবর্তে "জাতীয় গ্রন্থাগারের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩০। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৬৫ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৬৫ এর, দুইবার উল্লিখিত, "গ্রন্থাগারে" শব্দের পরিবর্তে, উভয় স্থানে, "জাতীয় গ্রন্থাগারে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩১। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৬৯ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৬৯ এর উপ-ধারা (১)—

(ক) এর "নিম্নবর্ণিত ক্ষেত্রে প্রযোজ্য হইবে এই অধ্যায়ের বিধানাবলী এবং আদেশ সাপেক্ষে এই আইন প্রযোজ্য হইবে" শব্দগুলির পরিবর্তে "এই অধ্যায়ের বিধানাবলী সাপেক্ষে নিম্নবর্ণিত ক্ষেত্রে প্রযোজ্য হইবে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(খ) এর শর্তাংশের অনুচ্ছেদ (ঈ) এর "গণগ্রন্থাগারসমূহে" শব্দের পরিবর্তে "জাতীয় গ্রন্থাগারে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

৩২। **২০০০ সনের ২৮নং আইনের ধারা ৭২ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৭২ এর উপ-ধারা (১) এর—

(ক) দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ক) নিম্নবর্ণিত উদ্দেশ্যে সাহিত্য, নাট্য, সংগীত বা শিল্পকর্মের সদ্ব্যবহার—

(অ) গবেষণাসহ ব্যক্তিগত অধ্যয়ন অথবা ব্যক্তিগত ব্যবহার; বা

(আ) উক্ত কর্ম অথবা অন্য কোন কর্মের সমালোচনা অথবা পর্যালোচনা ;";

(খ) দফা (ঞ) এর "গীতিকারসহ" শব্দের পরিবর্তে "কথাসহ" শব্দ প্রতিস্থাপিত হইবে ;

(গ) দফা (ণ) এর "কোন গণগ্রন্থাগার বা" শব্দগুলি বিলুপ্ত হইবে ;

(ঘ) দফা (ন) এর "দফা (২) (গ)" শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে "দফা (৩৬)(গ)" শব্দ, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে ;

(ঙ) দফা (ফ) এর "গ্রন্থাকার" শব্দের পরিবর্তে "গ্রন্থকার" শব্দ প্রতিস্থাপিত হইবে ;

(চ) দফা (ভ) এর শর্তাংশের "(ব) ও (ন)" সংখ্যাগুলি, শব্দ ও বন্ধনীগুলির পরিবর্তে "(ড) ও (ত)" সংখ্যাগুলি, শব্দ ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে ;

(ছ) দফা (ম) এর—

(অ) "প্রোগ্রামটির অনুলিপি" শব্দগুলির পরিবর্তে "প্রোগামটির একটি অনুলিপি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) উপ-দফা (আ) এর পর নিম্নরূপ একটি নতুন উপ-দফা (ই) সংযোজিত হইবে, যথা ঃ—

"(ই) কম্পিউটার প্রোগ্রামের উন্নমিত (upgrade) করার জন্য;"।

৩৩। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৭৩ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৭৩ এর উপ-ধারা (২) এর দফা (ঘ) এর "চলচ্চিত্র সেন্সরশীপ আইন" শব্দগুলির পরিবর্তে "সেন্সরশীপ অব ফিল্ম্ এ্যাক্ট" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩৪। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৭৮ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৭৮ এর উপ-ধারা (১)—

(অ) এর "স্বত্ব নিয়োগীর" শব্দগুলির পরিবর্তে "স্বত্ব নিয়োগ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) এর শর্তাংশের "৭১" সংখ্যার পরিবর্তে "৭২" সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

৩৫। **২০০০ সনের ২৮নং আইনের ধারা ৭৯ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৭৯ এর "ব্যবহারের জন্য উদ্দীষ্ট প্লেট" শব্দগুলির পর "এবং কম্পিউটার প্রোগ্রামারে ক্ষেত্রে সংশ্লিষ্ট সোর্স কোড কমপাইলেশন, ডাটা, ডিজাইন ডকুমেন্টেশন, টেবিল এবং আনুষঙ্গিক চার্টসমূহ" শব্দগুলি, কমাগুলি সন্নিবেশিত হইবে।

৩৬। **২০০০ সনের ২৮নং আইনের ধারা ৮২ এর প্রতিস্থাপন।**—উক্ত আইনের ধারা ৮২ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ৮২ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৮২। **কপিরাইট বা অন্যান্য অধিকার লঙ্ঘনজনিত অপরাধ।**—(১) যে ব্যক্তি, চলচ্চিত্র ব্যতিরেকে, কোন কর্মের কপিরাইট বা এই আইনের ধারা ২৩ এর অধীন অর্পিত অধিকার ব্যতীত অন্য কোন অধিকার ইচ্ছাকৃতভাবে লঙ্ঘন করেন বা করিতে সহায়তা করেন, তিনি অনূর্ধ্ব চার বৎসর কিন্তু অন্যূন ছয় মাস মেয়াদের কারাদণ্ড এবং অনূর্ধ্ব দুই লক্ষ টাকা কিন্তু অন্যূন পঞ্চাশ হাজার টাকার অর্থদণ্ডে দণ্ডণীয় হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, যদি ইহা আদালতে সন্তুষ্টিমতে প্রমাণিত হয় যে, লঙ্ঘনটি ব্যবসায়িক বা বাণিজ্যিক কার্যক্রমের ধারায় মুনাফার উদ্দেশ্যে সংঘটিত হয় নাই, সেই ক্ষেত্রে আদালত ছয় মাসের কম মেয়াদের কারাদন্ড এবং ৫০,০০০ টাকার কম পরিমাণ জরিমানার দন্ড আরোপ করিতে পারিবে।

(২) যে ব্যক্তি চলচ্চিত্রের কপিরাইটের অধিকার বা এই আইনে বর্ণিত অন্য কোন অধিকার ইচ্ছাকৃতভাবে লঙ্ঘন করেন বা করিতে সহায়তা করেন, তিনি অনূর্ধ্ব পাঁচ বৎসর কিন্তু অন্যূন এক বৎসর মেয়াদের কারাদন্ড এবং অনূর্ধ্ব পাঁচ লক্ষ টাকা কিন্তু অন্যূন এক লক্ষ টাকার অর্থদন্ডে দন্ডণীয় হইবেন।"।

৩৭। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৮৩ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৮৩ এর প্রথম শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ শর্তাংশ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

" তবে শর্ত থাকে যে, যদি ইহা আদালতের সন্তুষ্টিমতে প্রমাণিত হয় যে, ধারা ৮২ এর উপ-ধারা (১) এ বর্ণিত লঙ্ঘনটি ব্যবসায়িক বা বাণিজ্যিক কার্যক্রমের ধারায় মুনাফার উদ্দেশ্যে সংঘটিত হয় নাই, সেই ক্ষেত্রে আদালত ছয় মাসের কম মেয়াদের কারাদন্ড এবং ১ লক্ষ টাকার কম পরিমাণ জরিমানার দন্ড আরোপ করিতে পরিবেন।"।

৩৮। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৮৪ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৮৪ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ৮৪ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৮৪। **কম্পিউটার প্রোগ্রামের লংঘিত কপি প্রকাশ, ব্যবহার, ইত্যাদির অপরাধ।**—যদি কোন ব্যক্তি—

(ক) কোন কম্পিউটার প্রোগ্রাম এর লংঘিত কপি অনুলিপি করিয়া যে কোন মাধ্যমে প্রকাশ, বিক্রয় বা একাধিক কপি বিতরণ করেন, তাহা হলে তিনি অনূর্ধ্ব চার বৎসর কিন্তু অন্যূন ছয় মাস মেয়াদের কারাদন্ডে এবং অনূর্ধ্ব চার লক্ষ টাকা কিন্তু অন্যূন এক লক্ষ টাকার অর্থদন্ডে দন্ডণীয় হইবেন ;

(খ) কম্পিউটারে কোন লংঘিত কপি ব্যবহার করেন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব তিন বৎসর কিন্তু অন্যূন ছয় মাস মেয়াদের কারাদন্ডে অথবা অনূর্ধ্ব তিন লক্ষ টাকা কিন্তু অন্যূন এক লক্ষ টাকার অর্থ দন্ডে দন্ডণীয় হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, যদি আদালতের সন্তুষ্টিতে প্রমাণিত হয় যে, কম্পিউটার প্রোগ্রামটি ব্যবসায়িক বা বাণিজ্যিক কার্যক্রমের ধারায় মুনাফা লাভের উদ্দেশ্যে লংঘিত হয় নাই, তাহা হইলে অন্যূন তিন মাস মেয়াদের কারাদন্ডে এবং অন্যূন পঁচিশ হাজার টাকার অর্থদন্ড আরোপ করা যাইবে।"

৩৯। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৯০ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৯০ এর "৭২" সংখ্যা, উপান্তটীকাসহ দুইবার উল্লিখিত, এর পরিবর্তে, উভয় স্থানে, "৭৩" সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

৪০। **২০০০ সনের ২৮নং আইনের ধারা ৯৩ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৯৩ এর—

(ক) উপ-ধারা (১) এর "ধারা ৮১ এর অধীনে কোন কর্মের" শব্দগুলির পরিবর্তে "ধারা ৮২ এর অধীনে কোন কর্মের বা ধারা ৮৪ এর অধীনে কোন কম্পিউটার কর্মের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(খ) উপ-ধারা (২)এর "অনুলিপিতে বা প্লেটে স্বার্থ রহিয়াছে এমন যে কোন ব্যক্তি ঐরূপ জব্দ হওয়ার ১৫ দিনের মধ্যে অনুরূপ অনুলিপি বা প্লেট তাহাকে ফেরত দিবার" শব্দগুলি ও সংখ্যার পরিবর্তে "অনুলিপি বা যন্ত্রপাতি বা দ্রব্যসামগ্রী বা প্লেটে স্বার্থ রহিয়াছে এমন যে কোন ব্যক্তি ঐরূপ জব্দ হওয়ার ১৫(পনের) দিনের মধ্যে অনুরূপ অনুলিপি বা যন্ত্রপাতি বা দ্রব্যসামগ্রী বা প্লেট তাহাকে ফেরত দেওয়ার" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে।"।

৪১। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ৯৯ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৯৯ এর "দেওয়ানী কার্যবিধি ১৯০৮ (১৯০৮ সনের ৫ নং আইন) এর" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে "দেওয়ানী কার্যবিধির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৪২। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ১০২ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১০২ এর "দন্ডবিধি (১৮৬০ সনের ৪৫ নং আইন) এর" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে "দন্ডবিধির" শব্দ প্রতিস্থাপিত হইবে।

৪৩। **২০০০ সনের ২৮ নং আইনের ধারা ১০৫ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১০৫ এর—

(ক) উপ-ধারা (৪) এর দফা (ক) এর "স্বত্ব নিয়োগী" শব্দগুলির পরিবর্তে "নিয়োগপ্রাপ্ত স্বত্বাধিকারী" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(খ) উপ-ধারা (৭) এর "এই ধারায় ভিন্নরূপ কিছু থাকিলে" শব্দগুলির পরিবর্তে "এই ধারায় ভিন্নরূপ কিছু না থাকিলে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**ড. মোঃ ওমর ফারুক খান**
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,